দৈনিক সংবাদ

DEC 24 2001

তারিখ ... ... ... ... ... ... ...
কলাম ... ... ......

# জানুয়ার থেকে শুরু হচ্ছে ৮ম ঢাকা বইমেলা

'সুষ্ঠু সমাজ গঠনের জন্য বই' এ প্রতিপাদ্য বিষয় ও শ্লোগান নিয়ে আগামী ১লা জানুয়ারি থেকে শুরু হচ্ছে পক্ষকালব্যাপী ৮ম ঢাকা বইমেলা। ঢাকার শেরে বাংলানগর জাতীয় প্যারেড গ্রাউন্ড মাঠে (পশ্চিম পাশের অংশে) জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত এ মেলা ১ জানুয়ারি বিকেল ৩টায় আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। মেলায় দেশী-বিদেশী বিভিন্ন প্রকাশনা প্রতিষ্ঠান বই প্রদর্শন ও বিক্রির ব্যবস্থা করবে। এ মেলা চলবে প্রতিদিন বেলা ২টা থেকে রাত ৮টা এবং ছুটির দিন বেলা ১১টা থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত।

৮ম ঢাকা বইমেলা উপলক্ষে ৩০শে ডিসেম্বর সকাল ৯টায় শাহবাগস্থ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি প্রাঙ্গণ থেকে জাতীয় প্রেসক্লাব পর্যন্ত এক বর্ণাঢ্য র‍্যালি অনুষ্ঠিত হবে। লেখক, প্রকাশক, গ্রন্থাগারিক, ছাত্র-শিক্ষক-শিশু সংগঠন ও গ্রন্থমনস্ক ব্যক্তিরা র‍্যালিতে অংশগ্রহণ করবেন। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বেগম সেলিমা রহমান র‍্যালির নেতৃত্ব দেবেন।

ঢাকা বইমেলা উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বেগম সেলিমা রহমান ৩১শে ডিসেম্বর বেলা ১১টায় এক সংবাদ সম্মেলন করবেন।

বই পাঠে উদ্বুদ্ধকরণ এবং পাঠাভ্যাস বৃদ্ধির লক্ষ্যে থেকে ১৫ই জানুয়ারি ২০০২ পর্যন্ত ৮ম ঢাকা বইমেলা চলাকালে মেলা মাঠে বিভিন্ন আকর্ষণীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। তার মধ্যে রয়েছে — ৩ থেকে ৫ই জানুয়ারি পর্যন্ত প্রতিদিন বিকেল সাড়ে ৩টায় অনুষ্ঠিত হবে- 'লেখক পাঠক মুখোমুখি অনুষ্ঠান'।

৬ই জানুয়ারি বিকেল সাড়ে ৫টায় 'কবিকণ্ঠে কবিতা পাঠের আসর'।

৭ই জানুয়ারি বিকেল সাড়ে ৫টায় 'জনপ্রিয় সঙ্গীত শিল্পীদের সঙ্গীতানুষ্ঠান'

৮ জানুয়ারি বিকেল সাড়ে ৩ টায় মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে বিতর্ক প্রতিযোগিতা বিষয় 'আধুনিক প্রযুক্তি মানুষকে বই বিমুখ করেছে'

৯ থেকে ১১ জানুয়ারি পর্যন্ত প্রতিদিন বিকেল সাড়ে ৪টায় অনুষ্ঠিত হবে সেমিনার। সেমিনারের বিষয়-যথাক্রমে (১ম দিন) 'পাঠক সমাজ গঠনে করণীয়', (২য় দিন) 'সুষ্ঠু সমাজ গঠনে গ্রন্থাগার' এবং (৩য় দিন) 'বিশ্বায়ন ও বই'।

১২ই জানুয়ারি বিকেল সাড়ে ৩টায় অনুষ্ঠিত হবে 'শত বছরের গ্রন্থাগার' শীর্ষক আলোচনা অনুষ্ঠান। সংবাদ বিজ্ঞপ্তি।